কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা


# কর্মক্ষেত্র


ISSN 0971-7765



মাধ্যমিক • উচ্চমাধ্যমিক
BA • B.Sc • B.Com
MA • M.Sc • M.Com
B.Ed • M.Ed • D.El.Ed
B.P.Ed • M.P.Ed • LLB
LLM • লাইব্রেরী সায়েন্স
HALDAR GROUP 7980447585



বর্ষ ৪৩ সংখ্যা ১৫ কলকাতা বুধবার, ৯ নভেম্বর ২০২২/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৩ কার্তিক ১৪২৯ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80


## ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনে ১০৬১

### স্টেনোগ্রাফার, অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট, ফায়ারম্যান ও অন্যান্য

জুনিয়র ট্রান্সলেশন অফিসার, স্টেনোগ্রাফার (ইংলিশ টাইপিং), অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট, স্টোর অ্যাসিস্ট্যান্ট, সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট, ভেহিক্যল অপারেটর, ফায়ার ইঞ্জিন ড্রাইভার ও ফায়ারম্যান পদে ১,০৬১ জনকে নেবে ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডি আর ডি ও)। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে গ্রুপ 'বি' ও 'সি' ক্যাটেগরিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CEPTAM-10/A&A।

**শূন্যপদের বিবরণ:** পোস্ট কোড ০৩০১: **জুনিয়র ট্রান্সলেশন অফিসার:** ৩৩টি (সাধারণ ২৯, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: হিন্দিতে স্নাতকোত্তর ডিগ্রি, স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। অথবা ইংরেজিতে স্নাতকোত্তর ডিগ্রি, স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকতে হবে। অথবা হিন্দি মাধ্যমে যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি, স্নাতক স্তরে অন্যতম প্রধান বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। অথবা হিন্দি ও ইংরেজি মূল বিষয় হিসেবে পড়ে স্নাতক অথবা হিন্দি ও ইংরেজির মধ্যে কোনও একটি মাধ্যমে পড়াশোনা করে এবং অন্য বিষয়টিকে মূল বিষয় হিসেবে পড়ে স্নাতক। স্নাতকদের ক্ষেত্রে এর পাশাপাশি হিন্দি থেকে ইংরেজি বা ইংরেজি থেকে হিন্দিতে অনুবাদের সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স পাশ করে থাকতে হবে এবং কোনও কেন্দ্রীয় বা রাজ্য সরকারি বা কেন্দ্রীয় সরকারের অধীনস্থ সংস্থায় সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ০৪০১: **স্টেনোগ্রাফার গ্রেড-১ (ইংলিশ টাইপিং):** ২১৫টি (সাধারণ ১৪৬, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৪০, আর্থিক ভাবে অনগ্রসর ১২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী এবং ৮টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। প্রতি মিনিটে ১০০টি শব্দের গতিতে শর্টহ্যান্ডে ১০ মিনিট ধরে


এরপর তিনের পাতায়


আই বি পি এসের পরীক্ষার মাধ্যমে

## ৩ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৭১০ স্পেশ্যালিস্ট অফিসার

দেশের ৩টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৭১০ জন স্পেশ্যালিস্ট অফিসার নিয়োগ করা হবে। এই পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব স্পেশ্যালিস্ট অফিসার্স ইন পার্টিসিপেটিং অর্গানাইজেশনস' (সি আর পি এস পি এল-১২)' নেওয়া হবে ডিসেম্বরে।

**অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা ২৪ ও ৩১ ডিসেম্বর**

প্রিলিমিনারি পরীক্ষার তারিখ ২৪ ও ৩১ ডিসেম্বর। মেন পরীক্ষা ২৯ জানুয়ারি। অনলাইন এই পরীক্ষাটি পরিচালনা করবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)।

আই বি পি এসের এই পরীক্ষায় সফল হলে স্কোর কার্ড পাবেন। ইস্যুর দিন থেকে


এরপর পাঁচের পাতায়


## গোরখপুর এইমসে অধ্যাপক

প্রফেসর, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর এবং অ্যাডিশন্যাল প্রফেসর পদে ৯২ জনকে নেবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস। জেনারেল মেডিসিন, জেনারেল সার্জারি, অ্যানেস্থিশিয়া-সহ বিভিন্ন বিভাগে নিয়োগ করা হবে উত্তরপ্রদেশের গোরখপুর ক্যাম্পাসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AIIMS/GKP/RECT/FACULTY/2022-23/116.

**শূন্যপদের বিবরণ: প্রফেসর:** ২৮টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৫,


এরপর পাঁচের পাতায়


## সরকারি হাসপাতালে ৪৩৩ নার্স

নার্সিং অফিসার পদে ৪৩৩ জনকে নেবে জওহরলাল ইনস্টিটিউট অব পোস্ট-গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ। এটি কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Admn-I/DR/1(3)/2022.

**শূন্যপদের বিবরণ:** পোস্ট কোড ৩১২০২২: **নার্সিং অফিসার:** ৪৩৩টি (সাধারণ ১৭৫, তফসিলি জাতি ৬৬, তফসিলি উপজাতি ৩৩, ও বি সি ১১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৪৩)। মোট শূন্যপদের ৮০ শতাংশ মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে, মোট ২৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** নার্সিংয়ে বি এসসি বা অনার্স-সহ বি এসসি বা বি এসসি (পোস্ট-সার্টিফিকেট) বা পোস্ট-বেসিক বি এসসি পাশ। অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। এর পাশাপাশি নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে স্টেট বা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে উপরোক্ত যোগ্যতার পাশাপাশি অন্তত ৫০ শয্যাবিশিষ্ট স্বাস্থ্যপ্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-১২-২০২২ তারিখে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**বেতন:** ৪৪,৯০০ টাকা।

তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমে। কম্পিউটারভিত্তিক পরীক্ষা ১৮ ডিসেম্বর। ৪০০ নম্বরের পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন


এরপর তিনের পাতায়


## ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে ২৯৩ কনস্টেবল ও হেড কনস্টেবল

হেড কনস্টেবল এবং কনস্টেবল পদে ২৯৩ জনকে নেবে ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স। নিয়োগ করা হবে গ্রুপ 'সি' ক্যাটেগরিতে, টেলিকমিউনিকেশন বিভাগে। প্রাথমিক ভাবে অস্থায়ী নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে।

**শূন্যপদের বিবরণ: হেড কনস্টেবল (টেলিকমিউনিকেশন):** ১২৬টি। পুরুষ ১০৭টি (সাধারণ ৩৪, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৪৪, আর্থিক ভাবে অনগ্রসর ১০), মহিলা ১৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে এবং এই তিন বিষয়ে গড়ে ৪৫ শতাংশ নম্বর থাকতে হবে। অথবা মাধ্যমিক, সঙ্গে ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল বা কম্পিউটার ট্রেডে আই টি আই কোর্স পাশ। অথবা মাধ্যমিক, সঙ্গে ইলেক্ট্রনিক্স বা কমিউনিকেশন বা ইনস্ট্রুমেন্টেশন বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে


এরপর তিনের পাতায়


## সেইলে ২৪৫ ম্যানেজমেন্ট ট্রেনি

### গেট-২০২২ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে

২৪৫ জন ম্যানেজমেন্ট ট্রেনি (টেকনিক্যাল) নেবে স্টিল অথরিটি অব ইন্ডিয়া (সেইল)। নিয়োগ করা হবে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, মেটালার্জিক্যাল, কেমিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন, সিভিল এবং মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখায়। প্রার্থীকে ২০২২ সালের গেট (গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং বৈধ স্কোর কার্ড থাকতে হবে। প্রথমে ১ বছরের ট্রেনিং। সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে। প্রবেশন ১ বছরের।

**শাখানুসারে শূন্যপদের বিন্যাস:** মেকানিক্যাল: ৬৫টি। মেটালার্জিক্যাল: ৫২টি। ইলেক্ট্রিক্যাল: ৫৯টি। ইনস্ট্রুমেন্টেশন: ১৩টি। মাইনিং: ২৬টি। কেমিক্যাল: ১৪টি। সিভিল: ১৬টি।

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৮৯, তফসিলি জাতি ৪২, তফসিলি উপজাতি ২৮, ও বি সি ৬৫, আর্থিক ভাবে অনগ্রসর ২১। এর মধ্যে


এরপর আটের পাতায়


## ইন্টেলিজেন্স ব্যুরোয়

### সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট ও মাল্টি টাস্কিং স্টাফ

দেশ জুড়ে ১,৬৭১ জন সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট/এক্সিকিউটিভ ও মাল্টি টাস্কিং স্টাফ (জেনারেল) নেবে ইন্টেলিজেন্স ব্যুরো। এটি কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে দেশের বিভিন্ন সাবসিডিয়ারি ইন্টেলিজেন্স ব্যুরোয় (এস আই বি)। প্রার্থী যে এস আই বি-র শূন্যপদে দরখাস্ত করবেন, তাঁকে অবশ্যই সেই রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে। এখানে তাই কালিম্পং ও কলকাতা এস আই বি-র জন্য নির্দিষ্ট ১০৪টি শূন্যপদের বিষয়ে আলোচনা করা হল।

**শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক**

প্রার্থী বাছাই করা হবে 'সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট/এক্সিকিউটিভ অ্যান্ড মাল্টি টাস্কিং স্টাফ (জেনারেল) এক্সামিনেশন, ২০২২'-এর মাধ্যমে।


এরপর তিনের পাতায়



ফুরোবার আগেই সংগ্রহ করুন





## পশু-পাখি ও মাছের খাদ্য তৈরি করে ব্যবসা করুন

**খামার ও ভেড়িগুলিতে পশুখাদ্য এবং মাছের খাদ্যের চাহিদা বছরভর থাকে। খুব কম জায়গায়, অল্প পুঁজি নিয়ে শুরু করতে পারেন গবাদি পশু, হাঁস-মুরগি ও মাছের খাবারের উৎপাদন। মেশিনে তৈরি এসব খাদ্যের কাঁচামালও খুবই সহজলভ্য।**



**নিজস্ব প্রতিনিধি:** আমাদের রাজ্যে এবং দেশে অসংখ্য মানুষের জীবিকা নির্ভর করে পশুখামার, হাঁস-মুরগির খামার এবং মাছচাষের উপর। খামারে পশু-পাখি, ভেড়িতে মাছেদের সুস্থ ভাবে প্রতিপালন করা এবং উৎপাদনের পরিমাণ বাড়ানোর জন্য প্রয়োজন উপযুক্ত পরিবেশ ও পুষ্টিকর খাবার। এই জন্য বাজারে যথেষ্ট চাহিদা আছে পশুখাদ্য বা ক্যাটল ফিড, হাঁস-মুরগির খাবার বা পোলট্রি ফিড এবং মাছের খাদ্য বা ফিশ ফিডের। এই সব খাবার তৈরি করতে খুব বেশি বড় জায়গার প্রয়োজন হয় না, কোনও বড় মেশিনের দরকার পড়ে না, খাদ্য তৈরির উপাদানও সহজলভ্য, প্রয়োজন নেই লোকবলের। বাড়িতে বসেই কম পুঁজি নিয়ে শুরু করতে পারেন ক্যাটল ফিড বা ফিশ ফিডের ব্যবসা। তবে বাণিজ্যিক ভাবে কাজ শুরু করার জন্য ট্রেড লাইসেন্সের প্রয়োজন।

গবাদি পশু এবং হাঁস-মুরগির খাবার তৈরি করা যায় একটা মেশিনেই। মাছের খাবার তৈরি করার জন্য প্রয়োজন আলাদা মেশিন। কারণ মাছের খাবার হয় ভাসমান। সব মেশিনই তিন হর্স পাওয়ার থেকে সাড়ে সাত হর্স পাওয়ার পর্যন্ত পাওয়া যায়। হর্স পাওয়ার অনুযায়ী ঘণ্টাপ্রতি খাবার তৈরির পরিমাণ বাড়ে, কমে। যেমন, তিন হর্স পাওয়ার মেশিনে ১০০ থেকে ১৫০ কেজি খাবার তৈরি হয় প্রতি ঘণ্টায়। পাঁচ হর্স পাওয়ারে পরিমাণ বেড়ে গিয়ে হয় ১৫০ থেকে ২০০ কেজি প্রতি ঘণ্টায়। পশ্চিমবঙ্গের রয়্যাল


এরপর আটের পাতায়

# উত্তরপ্রদেশ মেট্রো রেলে

## অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ও জুনিয়র ইঞ্জিনিয়ার

৬০ জন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ও জুনিয়র ইঞ্জিনিয়ার নেবে উত্তরপ্রদেশ মেট্রো রেল। নিয়োগ করা হবে কানপুর ও আগ্রা মেট্রো রেল প্রকল্পে, বিভিন্ন শাখায়। ২ বছরের প্রবেশন। পশ্চিমবঙ্গের প্রার্থীরা শুধুমাত্র সাধারণ ক্যাটেগরির জন্য বিবেচিত হবেন। পরীক্ষাকেন্দ্র উত্তরপ্রদেশের বিভিন্ন শহরে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: UPMRC/HR/Rectt/O&M/1/2022.

**শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ই ০১: অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (সিভিল):** ৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক।

**পোস্ট কোড ই ০২: অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইলেক্ট্রিক্যাল):** ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক।

**পোস্ট কোড ই ০৩: অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এস অ্যান্ড টি):** ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক।

**পোস্ট কোড এন ই ০১: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** ২০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

**পোস্ট কোড এন ই ০২: জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল):** ১৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

**পোস্ট কোড এন ই ০৩: জুনিয়র ইঞ্জিনিয়ার (এস অ্যান্ড টি):** ৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

**বয়স:** ১-১১-২০২২ তারিখে সবক'টি পদের ক্ষেত্রেই ২১ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। পশ্চিমবঙ্গের প্রার্থীরা বয়সে কোনও ছাড় পাবেন না।

**মেডিক্যাল স্ট্যান্ডার্ড:** অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে এক্সিকিউটিভ (টেকনিক্যাল) এবং জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে এ-থ্রি মানের হতে হবে।

**বেতনক্রম:** অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে ৫০,০০০-১,৬০,০০০ টাকা এবং জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৩৩,০০০-৬৭,৩০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, নথিপত্র যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। লিখিত পরীক্ষা ২ ও ৩ জানুয়ারি। পরীক্ষাকেন্দ্রগুলি হল: লখনউ, কানপুর, আগ্রা, প্রয়াগরাজ, বারাণসী, গোরখপুর, মীরাট, ঝাঁসি, বরেলি, গৌতম বুদ্ধ নগর (নয়ডা), গ্রেটার নয়ডা, গাজিয়াবাদ, আলিগড়, মোরাদাবাদ, মথুরা, মুজফ্ফরনগর। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ, জেনারেল অ্যাওয়্যারনেস, লজিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং সংশ্লিষ্ট বিষয়ে। মোট নম্বর ১৪০। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

*এরপর আটের পাতায়*

# গোরখপুর এইমসে অধ্যাপক *প্রথম পাতার পর*

তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

অ্যাডিশনাল প্রফেসর: ২১টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

অ্যাসোসিয়েট প্রফেসর: ১৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ২৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৫)।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.aiimsgorakhpur.edu.in দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করবেন।

ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ৩,০০০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি 'AIIMS, Gorakhpur'-এর অনুকূলে গোরখপুরে প্রদেয় হতে হবে।

ফি জমা দেওয়ার নথি এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন Application for the post of _____ (Designation & Department)_______, দরখাস্ত ১৯ ডিসেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Recruitment Cell (Academic Block), All India Institute of Medical Sciences Gorakhpur, Kunraghat, Gorakhpur, Uttar Pradesh-273008.

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# প্রতিরক্ষা ক্ষেত্রে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ৮৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ডিফেন্স ইলেক্ট্রনিক্স রিসার্চ ল্যাবরেটরি। এটি প্রতিরক্ষা মন্ত্রকের ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডি আর ডি ও)-এর অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এক বছরের ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: APPRENTICE-2022/02.

**ট্রেড অনুসারে আসনবিন্যাস:** কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৪৭টি। ইলেক্ট্রনিক মেকানিক: ১৪টি। ফিটার: ৫টি। সেক্রেটারিয়াল ট্রেনিং অ্যান্ড ম্যানেজমেন্ট: ১০টি। ফায়ারম্যান: ৪টি। কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্কিং: ৩টি।

তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসরদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক-সহ সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই পাশ। প্রার্থীকে অবশ্যই ২০১৯ বা ২০২০ বা ২০২১ সালে আই টি আই কোর্স পাশ করে থাকতে হবে।

**স্টাইপেন্ড:** ট্রেড অনুসারে ৭,৭০০-৮,০৫০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে বা ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রার্থীকে আগে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipindia.org সেই রেজিস্ট্রেশন নম্বরের সাহায্যে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://rac.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ১৮ নভেম্বর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ৩ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৭১০ স্পেশ্যালিস্ট অফিসার *প্রথম পাতার পর*

৩১-৩-২০২৪ তারিখ পর্যন্ত এই স্কোর কার্ড বৈধ থাকবে। ২০২৩-২৪ আর্থিক বছরে সংশ্লিষ্ট ব্যাঙ্কগুলিতে স্পেশ্যালিস্ট অফিসারের শূন্যপদ পূরণের জন্য এই পরীক্ষার স্কোর গ্রাহ্য হবে।

স্পেশ্যালিস্ট অফিসার নিয়োগের যোগ্যতা নির্ণায়ক এই লিখিত পরীক্ষায় সফল হলে যে-তিনটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে নিয়োগের প্রাথমিক যোগ্যতা অর্জন করবেন সেগুলি হল: ব্যাঙ্ক অব বরোদা, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক এবং ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া।

স্পেশ্যালিস্ট অফিসার নিয়োগের যোগ্যতা নির্ণায়ক আই বি পি এসের লিখিত পরীক্ষাটি নেওয়া হবে এই সব পদের জন্য: আই টি অফিসার, এগ্রিকালচারাল ফিল্ড অফিসার, রাজভাষা অধিকারী, ল অফিসার, এইচ আর/পার্সোনেল অফিসার, মার্কেটিং অফিসার।

**শূন্যপদের বিন্যাস: আই টি অফিসার (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ৪৪টি। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৪৪টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, শ্রবণ, দৃষ্টিসংক্রান্ত এবং বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** নিম্নলিখিত বিষয়গুলির যে-কোনও একটিতে স্নাতক বা স্নাতকোত্তর ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। বিষয়গুলি হল: কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশনস, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন এবং ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন। অথবা যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট এবং সঙ্গে ডোয়েকের 'বি' লেভেল পাশ।

**এগ্রিকালচারাল ফিল্ড অফিসার (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ৫১৬টি। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক:** শূন্যপদ ১০০টি (সাধারণ ৪১, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৭, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণ, দৃষ্টি ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৪১৬টি (সাধারণ ১৬৫, তফসিলি জাতি ৬৯, তফসিলি উপজাতি ৩১, ও বি সি ১১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৩৭)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধী এবং ২টি করে শূন্যপদ দৃষ্টি ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** নিম্নলিখিত বিষয়গুলির যে-কোনও একটিতে ৪ বছরের স্নাতক ডিগ্রি। বিষয়গুলি হল: এগ্রিকালচার, হর্টিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, ডেয়ারি সায়েন্স, ফিশারি সায়েন্স, পিসিকালচার, এগ্রি মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, কো-অপারেশন অ্যান্ড ব্যাঙ্কিং, অ্যাগ্রো-ফরেস্ট্রি, ফরেস্ট্রি, এগ্রিকালচারাল বায়োটেকনোলজি, ফুড সায়েন্স, এগ্রিকালচারাল বিজনেস ম্যানেজমেন্ট, ফুড টেকনোলজি, ডেয়ারি টেকনোলজি, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, সেরিকালচার।

**রাজভাষা অধিকারী (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ২৫টি। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত ও বৌদ্ধিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** হিন্দিতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। স্নাতকে একটি বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। অথবা সংস্কৃতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। স্নাতকে বিষয় হিসেবে ইংরেজি ও হিন্দি পড়ে থাকতে হবে।

**ল অফিসার (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ১০টি। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ব্যাঙ্ক অব বরোদা:** শূন্যপদ ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** আইনের ব্যাচেলর ডিগ্রি (এল এল বি)। বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে।

**এইচ আর/পার্সোনেল অফিসার (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ১৫টি। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ১৫টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** গ্র্যাজুয়েট। সঙ্গে পার্সোনেল ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস, হিউম্যান রিসোর্স, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট, সোশ্যাল ওয়ার্ক এবং লেবার ল-এর মধ্যে যে-কোনও একটিতে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা।

**মার্কেটিং অফিসার (স্কেল-ওয়ান):** মোট শূন্যপদ ১০০টি। **ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস: ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** শূন্যপদ ১০০টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৮, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে ১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধী এবং ২টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। সঙ্গে মার্কেটিংয়ে এম বি এ বা এম এম এস। অথবা মার্কেটিংয়ে স্পেশ্যালাইজেশন-সহ ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট বা পোস্ট-গ্র্যাজুয়েট প্রোগ্রাম ইন ম্যানেজমেন্ট বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট।

আই টি অফিসার ছাড়া অন্যান্য পদের ক্ষেত্রে কম্পিউটার অপারেশনস বা ল্যাঙ্গুয়েজে সার্টিফিকেট বা ডিপ্লোমা বা ডিগ্রি থাকতে হবে অথবা হাই স্কুল বা কলেজ বা কোনও প্রতিষ্ঠানে একটি বিষয় হিসেবে কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজি পড়ে থাকতে হবে।

**বয়স:** ১-১১-২০২২ তারিখে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা ১২৫ নম্বরের। সময় ২ ঘণ্টা। থাকবে রিজনিং (৫০) ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫)। এছাড়া ল অফিসার ও রাজভাষা অধিকারী পদের ক্ষেত্রে থাকবে ব্যাঙ্কিং ইন্ডাস্ট্রি বিষয়ে গুরুত্ব-সহ জেনারেল অ্যাওয়্যারনেস (৫০) বিষয়ে প্রশ্ন এবং বাকি পদগুলির ক্ষেত্রে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউডের (৫০) প্রশ্ন। সব ক্ষেত্রেই অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। তবে কোনও উত্তরের ঘর ফাঁকা রাখলে তার জন্য নেগেটিভ মার্কিং হবে না।

প্রিলিমিনারি পরীক্ষা ২৪ ও ৩১ ডিসেম্বর। পশ্চিমবঙ্গের (স্টেট কোড ৪৬) পরীক্ষাকেন্দ্র বৃহত্তর কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী ও শিলিগুড়ি।

মেন পরীক্ষায় থাকবে ৬০ নম্বরের পেশাদারি বিষয়ে প্রশ্ন। রাজভাষা অধিকারী পদের ক্ষেত্রে অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ, দু'ধরনেরই প্রশ্ন হবে। সময় ১ ঘণ্টা। বাকি পদগুলির ক্ষেত্রে অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। সময় ৪৫ মিনিট। মেন পরীক্ষা ২৯ জানুয়ারি।

দরখাস্ত করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকা চাই। অনলাইনে দরখাস্ত করা যাবে ২১ নভেম্বর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) ও হাতে লেখা ডিক্লারেশন (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ডিক্লারেশনের বয়ান পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

ফি বাবদ জমা দিতে হবে ৮৫০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। অনলাইনে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো), ইন্টারনেট ব্যাঙ্কিং, আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস), ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং দরখাস্ত 'সাবমিট' করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতার টাটা মেডিক্যাল সেন্টারে এক্সিকিউটিভ

এক্সিকিউটিভ (ফিনান্স-ক্রেডিট সেল) নিয়োগ করবে কলকাতার টাটা মেডিক্যাল সেন্টার। কমার্স গ্র্যাজুয়েট, বি এইচ এম ও সমতুল ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য। ডিগ্রি প্রাপ্তির পরে সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

সংস্থার তরফে জানানো হয়েছে, প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি সংশ্লিষ্ট পদের উপযুক্ত বলে বিবেচিত হলে পরবর্তী ধাপে নেওয়া হবে ইন্টারভিউ অথবা লিখিত পরীক্ষা। এ বিষয়ে সংস্থার তরফে প্রার্থীকে অবহিত করা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.tmckolkata.com ওয়েবসাইটের 'ভ্যাকেন্সিস' উইন্ডোতে ক্লিক করলে 'কারেন্ট ভ্যাকেন্সিস' বিভাগে পদটির উল্লেখ পাবেন। পাশেই পাবেন আবেদন করার উইন্ডো।

অনলাইন দরখাস্ত করতে অসুবিধা হলে নির্দিষ্ট বয়ানে পূরণ করা দরখাস্ত সরাসরি জমা দিতে পারেন এই ঠিকানায়: Suvasish Mukherjee, Head-Human Resources, Tata Medical Center, 14 MAR (E-W), New Town, Rajarhat, Kolkata-700 160.

**Bhandari Automobiles Pvt. Ltd.**

AUTHORIZED DEALER OF: MARUTI SUZUKI

LOOKING FOR

**SALES EXECUTIVES :** Candidates from Automobile, Retail, FMGC, Insurance, Banking & Pharma Sector with min 2+ years of experience is preferable; **QUALIFICATION :** Graduate/ Diploma; **AGE LIMIT :** 35 years; Salary best in the Industry; **JOB LOCATION :** Kolkata, Rajarhat, Hooghly, Howrah, 24 PGS (N & S) & Nadia; **WALK IN INTERVIEW :** 8th & 9th November'22, (11 AM to 2 PM); **Venue :** Bhandari Automobiles Pvt. Ltd.; Maruti Suzuki India Ltd.; Plot No. 2D/15, Action Area 2D, New Town, Kolkata - 700156, (Near City Center -2)

Mail CV to devdutta@bhandariautomobile.com

Ph.: 9674735295/9836573931

**SBI**

ভারতীয় স্টেট ব্যাঙ্ক
কেন্দ্রীয় নিয়োগ ও পদোন্নতি দপ্তর
কর্পোরেট সেন্টার, মুম্বাই
ফোন: 022-22820427; ফ্যাক্স: 022-22820411

**চুক্তিভিত্তিক বিশেষজ্ঞ ক্যাডার-এ অফিসার নিয়োগ**

চুক্তির ভিত্তিতে নিম্নলিখিত পদের জন্য ভারতীয় নাগরিকদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে:

| ক্রমিক নম্বর | পদ | তুলনামূলক গ্রেড | শূন্যপদ | বিজ্ঞাপন নম্বর |
|---|---|---|---|---|
| 1. | সহকারী সহ-সভাপতি (এন্টারপ্রাইজ অ্যান্ড টেকনোলজি আর্কিটেকচার) | সহকারী মহাপ্রবন্ধক | 1 | CRPD/SCO/ 2022-23/20 |
| 2. | সহকারী সহ-সভাপতি (মার্কম) | মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-III | 2 | CRPD/SCO/ 2022-23/21 |
| 3. | জ্যেষ্ঠ নির্বাহী (ডিজিটাল মার্কেটিং) | মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-II | 1 | |
| 4. | জ্যেষ্ঠ নির্বাহী (কর্পোরেট কমিউনিকেশন) | মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-II | 1 | |

যোগ্যতার মানদণ্ড (বয়স, যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি), প্রয়োজনীয় ফি এবং অন্যান্য বিবরণ সহ অনলাইনে আবেদন জমা দেওয়া এবং আবেদন ফি অনলাইনে প্রদানের লিঙ্ক ব্যাঙ্কের ওয়েবসাইট https://bank.sbi/web/careers-এ উল্লিখিত বিস্তারিত বিজ্ঞাপন নম্বরের অধীনে উপলব্ধ রয়েছে। প্রার্থীদের পরামর্শ দেওয়া হচ্ছে যেন তারা আবেদন করার এবং ফি পাঠানোর আগে বিশদে বিজ্ঞাপন পড়ে যোগ্যতা এবং অন্যান্য বিবরণ নিশ্চিত করে নেন।

- **অনলাইন আবেদন এবং ফি প্রদানের তারিখ: 28.10.2022 থেকে 18.11.2022 পর্যন্ত।**

যেকোনো প্রশ্নের জন্য, অনুগ্রহ করে আমাদের ব্যাঙ্কের ওয়েবসাইটে উপলব্ধ এই লিঙ্ক **"CONTACT US" —> "Post Your Query"**-এ লিখে জানান।

স্থান: মুম্বাই
তারিখ: 28.10.2022

মহাপ্রবন্ধক
(আরপি এবং পিএম)

# উত্তরপ্রদেশ মেট্রো রেলে

## অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ও জুনিয়র ইঞ্জিনিয়ার

*পাঁচের পাতার পর*

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upmetrorail.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩০ নভেম্বর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো ও কালো কালির সই (জেপেগ ফর্ম্যাটে ৮০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে জি এস টি-সহ ৫৯০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৩৬ টাকা)। অনলাইনে ইউ পি আই, ইন্টারনেট ব্যাঙ্কিং, রুপে ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে ফি জমা দিতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন স্লিপের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সেইলে ২৪৫ ম্যানেজমেন্ট ট্রেনি

*প্রথম পাতার পর*

দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং বিষয়ে মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি ই বা বি টেক। সেইসঙ্গে গেট-২০২২ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হতে হবে।

**ইঞ্জিনিয়ারিং শাখা অনুসারে সংশ্লিষ্ট ও সমতুল বিষয়গুলি হল (ব্র্যাকেটে সংশ্লিষ্ট গেট-পত্র)— মেকানিক্যাল ('এম ই')-এর ক্ষেত্রে:** মেকানিক্যাল, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল, প্রোডাকশন, মেকানিক্যাল প্রোডাকশন অ্যান্ড টুল, ইন্ডাস্ট্রিয়াল, থার্মাল, ম্যানুফ্যাকচারিং প্রসেস অ্যান্ড অটোমেশন, মেকাট্রনিক্স, ম্যানুফ্যাকচারিং, ম্যানুফ্যাকচারিং সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, এনার্জি ইঞ্জিনিয়ারিং, মেশিন ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স অ্যান্ড অটোমেশন। **মেটালার্জিক্যাল ('এম টি')-এর ক্ষেত্রে:** মেটালার্জিক্যাল, মেটেরিয়াল সায়েন্সেস অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি, ইন্ডাস্ট্রিয়াল মেটালার্জি। **ইলেক্ট্রিক্যাল ('ই ই')-এর ক্ষেত্রে:** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল মেশিন, পাওয়ার সিস্টেমস অ্যান্ড হাই ভোল্টেজ, পাওয়ার প্লান্ট, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, পাওয়ার ইলেক্ট্রনিক্স/ ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল, পাওয়ার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স। **কেমিক্যাল ('সি এইচ')-এর ক্ষেত্রে:** কেমিক্যাল, ইলেক্ট্রো কেমিক্যাল। **সিভিল ('সি ই')-এর ক্ষেত্রে:** সিভিল ইঞ্জিনিয়ারিং। **মাইনিং ('এম এন')-এর ক্ষেত্রে :** মাইনিং, মাইনিং অ্যান্ড মেশিনারি, মিনারেল ইঞ্জিনিয়ারিং। **ইনস্ট্রুমেন্টেশন ('আই এন')-এর ক্ষেত্রে:** ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স ডিজাইন অ্যান্ড টেকনোলজি, মেকাট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, রোবোটিক্স অ্যান্ড অটোমেশন/অটোমেশন অ্যান্ড রোবোটিক্স, কমিউনিকেশন, কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: ১৫৫ সেমি। ওজন: অন্তত ৪৫ কেজি। মহিলারা নিয়মানুসারে উচ্চতা ও ওজনে ছাড় পাবেন।

**দৃষ্টিশক্তি:** মায়োপিয়া এবং হাইপারমেট্রোপিয়া থাকলে প্রত্যেক চোখে ±৪.০০-এর মধ্যে থাকতে হবে। তির্যক চাহনি, বর্ণান্ধতা থাকলে আবেদন করবেন না। স্বাভাবিক শ্রবণক্ষমতা থাকতে হবে।

**বয়স:** ২৩-১১-২০২২ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

ট্রেনিং চলাকালীন বেতন: প্রতি মাসে ৫০,০০০ টাকা। ট্রেনিং শেষে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে নিয়োগের পর **বেতনক্রম:** ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

গেট পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৩ নভেম্বর পর্যন্ত। দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৭০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ২০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে অথবা অফলাইনে চালানের মাধ্যমে নগদে।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্ত এবং সিস্টেম জেনারেটেড রেজিস্ট্রেশন স্লিপের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পশু-পাখি ও মাছের খাদ্য তৈরি করে ব্যবসা করুন

*প্রথম পাতার পর*

মেশিন ইন্ডাস্ট্রি তিন হর্স পাওয়ারের ক্যাটল ফিডের মেশিন বিক্রি করে ৬৫ হাজার টাকায়। ফিশ ফিড মেশিনের দাম আড়াই লক্ষ টাকা। হর্স পাওয়ার বাড়লে মেশিনের দামও বাড়ে।

পশুখাদ্য, হাঁস-মুরগির খাবার বা মাছের খাদ্য তৈরি করার জন্য যে 'র' মেটিরিয়াল বা রসদ প্রয়োজন তা সহজলভ্য, সর্বত্র পাওয়া যায়। পশুখাদ্যের জন্য প্রয়োজন লতাপাতা, খড়, সবজির খোসা ইত্যাদি। হাঁস-মুরগির খাবারের জন্য প্রয়োজন ভুট্টা, জোয়ার, বাজরা, গম ইত্যাদি শস্যদানা। মাছের খাবার তৈরি হয় এক ধরনের পাউডার ও তেলের মিশ্রণ ঘটিয়ে। হাইব্রিড উৎপাদনের জন্য এই ধরনের খাবারের সঙ্গে মিশিয়ে দেওয়া হয় ভিটামিন ট্যাবলেট, নানা ধরনের কেমিক্যাল। অনেক খামারের মালিক ইদানীং জৈব উপায়ে বা অর্গ্যানিক পদ্ধতিতে পশুপাখি, মাছ পালন করতে চাইছেন। তাঁদের প্রয়োজন অর্গ্যানিক খাদ্য। সেই খাদ্য তৈরি করতে হলে কোনও রকম কেমিক্যাল বা ওষুধ মিশ্রণ করা যাবে না। মেশিনগুলির সুবিধা হল, একই মেশিনে কেমিক্যাল মিশ্রিত এবং অর্গ্যানিক— দু'ধরনের খাবার তৈরি করা যায়।

রয়্যাল মেশিন ইন্ডাস্ট্রির কর্মী রুম্পা মণ্ডল জানালেন, এই সংস্থা থেকে মেশিন কিনলে সংস্থার তরফেই ক্রেতার কাজের জায়গায় গিয়ে মেশিন ইনস্টল করে দেওয়া হয়। কী ভাবে খাবার তৈরি করতে হবে তারও প্রশিক্ষণ দেওয়া হয় সম্পূর্ণ বিনামূল্যে। মেশিনে তিন বছরের ওয়ারেন্টি থাকে। অর্থাৎ এর মধ্যে মেশিন বিকল হলে বিনামূল্যে মেশিন মেরামত করে দেওয়া হয়। এছাড়া কী ভাবে ঋণ পাওয়া যাবে, কাঁচামাল কোথা থেকে কিনবেন, ফিড তৈরির পরে কী ভাবে মার্কেটিং করবেন, সে ব্যাপারে সাহায্য করার পাশাপাশি ডিলারদের সঙ্গেও যোগাযোগ করিয়ে দেয় মেশিন বিক্রয়কারী এই সংস্থা। রুম্পা জানালেন, 'আমাদের সংস্থার তৈরি মেশিন শুধু এ রাজ্যেই বিক্রি হয় এমন নয়, ভারতের নানা প্রান্ত থেকে অর্ডার পাই। এই কোম্পানির মেশিন অনলাইন মাধ্যমেও কিনতে পারবেন।'

যোগাযোগ: রয়্যাল মেশিন ইন্ডাস্ট্রি, ফোর্থ লেন আনন্দলোক, বাবলাতলা, গোপালপুর, রাজারহাট। ফোন: ৬২৯১৯-৭৯৬১০/৮৩৩৬৯-৭৭২৭৭।


# সর্দার বল্লভভাই ন্যাশনাল ইনস্টিটিউটে জুনিয়র ইঞ্জিনিয়ার, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ও টেকনিশিয়ান

*তিনের পাতার পর*

মধ্যে হতে হবে। বেতনক্রম: পে লেভেল ৩ অনুসারে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.svnit.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২ ডিসেম্বর। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রয়োজনীয় যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা দরখাস্তের প্রিন্ট আউট ১২ ডিসেম্বরের মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্টার্ড ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: Deputy Registrar (Establishment), Sardar Vallabhbhai National Institute of Technology, Ichchhanath, Dumas Road, Surat-395 007, Gujarat.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

RICE EDUCATION | ricesmart
TOGETHER IN SUCCESS

সরকারি চাকরি প্রার্থীদের জন্য সেরা স্কলারশিপ

সামনেই আছে TET, CGL, WBCS, BANKING ইত্যাদি বিভিন্ন সরকারি চাকরির পরীক্ষায় নিজেকে প্রমাণ করে দেওয়ার সুযোগ। প্রস্তুতি শুরু করে দাও আজই।

৫০% পর্যন্ত স্কলারশিপ

RICE TALENT SCHOLARSHIP TEST
#SecureYourDream

রেজিস্টার করার শেষ তারিখ: ১৭ নভেম্বর, ২০২২
পরীক্ষার তারিখ: ১৯ ও ২০ নভেম্বর, ২০২২

আজই রেজিস্টার করো
www.ricesmart.in/rtst

তোমার স্কলারশিপ সুনিশ্চিত করতে কল করো বা যোগাযোগ করো নিকটতম RICE ব্রাঞ্চে। 62921 90230

ricesmart.in

বেলঘরিয়া (হেড অফিস) 84799 02085 / 84799 18051 | শিয়ালদহ (সিটি অফিস) 84799 18013 / 84799 17959 | বেহালা 84799 17961 | সোনারপুর 84799 17962
হাওড়া ময়দান 84799 17956 | বারাসাত 84799 00574 | শিলিগুড়ি 84799 17965 | কোচবিহার 84799 00576 | দুর্গাপুর 84799 00578 | আসানসোল 84799 00577
বর্ধমান 84799 00575 | বহরমপুর 84799 17952 | মালদহ 84799 17953 | মেদিনীপুর 84799 17954 | খড়গপুর 84799 17955 | তমলুক 84799 17957


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in